গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
উপজেলা নির্বাহী অফিসারের কার্যালয়
লালমোহন, ভোলা
lalmohan.bhola.gov.bd

স্মারক নম্বর: ০৫.১০.০৯২১.০০০.৯৯.০০১.২৫- ৭৬১

তারিখঃ ১১ ফাল্গুন, ১৪৩১ / ২৪ ফেব্রুয়ারি, ২০২৫

বিষয়: "তারুণ্যের উদ্ভাবনী ধারণার খোঁজে আইসিটি বিভাগ" শীর্ষক প্রতিযোগিতায় অংশগ্রহণ।

সূত্র: ১। তথ্য ও যোগাযোগ প্রযুক্তি বিভাগ এর স্মারক নং ৫৬.০০.০০০০.০৪৯.৩২.০০১.২১-১৬ তারিখ: ২৭/০১/২০২৫ খ্রিঃ.
২। তথ্য ও যোগাযোগ প্রযুক্তি অধিদপ্তর এর স্মারক নং ৫৬.০৪.০০০০.০০৮.২৩.০০১.২৫.১১৬৫ তারিখ: ১৫/০২/২০২৫ খ্রি.

উপর্যুক্ত বিষয় ও সূত্রস্থ স্মারকের পরিপ্রেক্ষিতে জানানো যাচ্ছে যে, বাংলাদেশ প্রিমিয়ার লীগ (বিপিএল) উপলক্ষ্যে দেশব্যাপী 'তারুণ্যের উৎসব ২০২৫' উদযাপনের জন্য কর্মসূচী প্রণয়ন করা হয়েছে। এ উৎসবের প্রতিপাদ্য হচ্ছে "এসো দেশ বদলাই, পৃথিবী বদলাই"। উল্লিখিত কর্মসূচির অংশ হিসেবে তথ্য ও যোগাযোগ প্রযুক্তি বিভাগের উদ্যোগে এবং তথ্য ও যোগাযোগ প্রযুক্তি অধিদপ্তরের সহায়তায় দেশের উন্নয়ন সংক্রান্ত সৃজনশীল কাজে আইসিটির ব্যবহারে তরুণ উদ্যোক্তাদের উৎসাহ প্রদান এবং তরুণ প্রজন্মের মধ্যে সৃজনশীলতা ও উদ্ভাবনী গুণাবলী বিকাশের লক্ষ্যে "তারুণ্যের উদ্ভাবনী ধারণার খোঁজে আইসিটি বিভাগ" শীর্ষক প্রতিযোগিতা আয়োজন করা হয়েছে। উক্ত প্রতিযোগীতায় আপনার প্রতিষ্ঠান থেকে এক/একাধিক আইসিটি সংশ্লিষ্ট উদ্ভাবনী ধারণা সংযুক্ত নিয়মাবলী সংযুক্তি-১ এবং উপস্থাপনকারী দল সংযুক্তি-২ মোতাবেক আগামী **২৬/০২/২০২৫ খ্রি. তারিখের মধ্যে সফট কপি (পিডিএফ ফাইল)** ap.doictlalmohan@gmail.com **ই-মেইলে অথবা** হার্ড কপি **উপজেলা তথ্য ও যোগাযোগ প্রযুক্তি কার্যালয়ে** জমা দেওয়ার জন্য অনুরোধ করা হলো।

০২। প্রস্তাবকৃত উদ্ভাবনী ধারণা (Innovative Idea) সমূহ পাওয়ার পয়েন্ট প্রেজেন্টেশনের মাধ্যমে লালমোহন **উপজেলা পরিষদ সভাকক্ষে আগামি ২৭/০২/২০২৫ খ্রি. তারিখ সকাল ১০.০০ ঘটিকায়** উপস্থাপন করতে হবে। তাৎপর্যপূর্ণ উদ্ভাবনী ধারণাগুলোকে পুরস্কৃত করা হবে।

০৩। এমতাবস্থায়, আপনার শিক্ষা প্রতিষ্ঠান হতে প্রেরিত উদ্ভাবনী ধারণা (Innovative Idea) পাওয়ার পয়েন্ট প্রেজেন্টেশনের মাধ্যমে উপস্থাপনের জন্য সংশ্লিষ্ট শিক্ষার্থী ও শিক্ষকগণকে যথাসময়ে উপস্থিত থাকার প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য অনুরোধ করা হলো।

সংযুক্তি: ১। আইসিটি উদ্ভাবনী উপস্থাপনার নিয়মাবলি ও নির্দেশিকা চার (০৪) ফর্দ;
২। উদ্ভাবনী ধারণা উপস্থাপনকারীদের তথ্য ছক এক (০১) ফর্দ ।

অধ্যক্ষ/প্রধান শিক্ষক/সুপার
........................................................
লালমোহন, ভোলা

24.02.25

(মোঃ শাহ আজিজ)
উপজেলা নির্বাহী অফিসার
লালমোহন, ভোলা।
☎02878895314 (অফিস)
✉ unolalmohan@mopa.gov.bd

অনুলিপি সদয় অবগতি/ অবগতি (জ্যেষ্ঠতার ক্রমানুসারে নয়):
১। জেলা প্রশাসক, ভোলা;
২। জেলা আইসিটি অফিসার, ভোলা;
৩। উপজেলা মাধ্যমিক শিক্ষা অফিসার, লালমোহন, ভোলা;
৪। উপজেলা আইসিটি অফিসার, লালমোহন, ভোলা;
৫। সদস্য (সকল), উদ্ভাবনী ধরণা (Innovative Idea) যাচাই বাছাই কমিটি।

CS CamScanner